



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট  
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি  
বাড়ি-৪৪, সড়ক- ১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯  
www.pmeat.gov.bd



স্মারক নং- এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০ (অংশ-১)/১৬

তারিখ: ২২/০৪/২০২৫ খ্রি.

**বিষয়: সমন্বিত উপবৃত্তি কর্মসূচির HSP-MIS সফটওয়্যার ব্যবহার সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় বাস্তবায়নধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচি হতে নির্বাচিত সুবিধাভোগী শিক্ষার্থীদের উপবৃত্তি, টিউশন ফিসহ অন্যান্য আর্থিক সহায়তা প্রদানের ক্ষেত্রে HSP-MIS সফটওয়্যার ব্যবহার করা হয়। সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় HSP-MIS সফটওয়্যারটির রক্ষণাবেক্ষণ এবং কারিগরি উন্নয়নের কাজে অর্থ বিভাগের BACS and iBAS++ স্কিম নিয়োজিত আছে।

- ০২। সম্প্রতি HSP-MIS সফটওয়্যারের নিরাপত্তা রক্ষা এবং শিক্ষা প্রতিষ্ঠান হতে HSP-MIS সফটওয়্যার ব্যবহার করার ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে অর্থ বিভাগের BACS and iBAS++ স্কিম কর্তৃক HSP-MIS সফটওয়্যারে লগইন করার ক্ষেত্রে OTP (One-Time Password) ব্যবহার এবং NID এর ক্ষেত্রে ক্যাপচা কোড প্রদানের সিস্টেম সংযোজন করা হয়েছে।
- ০৩। স্কিমভুক্ত শিক্ষা প্রতিষ্ঠান OTP এর মাধ্যমে HSP-MIS সফটওয়্যারে লগইন করতে না পারায় ইউজার প্রোফাইলে মোবাইল নম্বর সংশোধন/সংযোজন করার লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক HSP স্কিমে প্রেরিত আবেদনের প্রেক্ষিতে সঠিক মোবাইল নম্বরে OTP প্রাপ্তির লক্ষ্যে HSP-MIS সফটওয়্যারে মোবাইল নম্বর আপডেট করা হচ্ছে। HSP-MIS সফটওয়্যারে মোবাইল নম্বর আপডেট হয়েছে কিনা তা HSP-MIS সফটওয়্যারে লগইন করে নিশ্চিত হওয়ার জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অনুরোধ করা হলো। এছাড়াও, HSP-MIS সফটওয়্যারে লগইন করার ক্ষেত্রে পাসওয়ার্ড, ক্যাপচা কোড এবং OTP নম্বর ব্যবহার করার ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করার জন্যও অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, HSP-MIS সফটওয়্যার সকাল ০৬.০০ টা থেকে রাত ১২.০০ পর্যন্ত সচল থাকবে।
- ০৪। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে তাদের স্ব স্ব উপজেলা/থানার আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরি।

(মেহাম্মদ আসাদুল হক)  
স্কিম পরিচালক (যুগ্মসচিব)  
ফোন: ০২-৫৫০০২০৭৩

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা  
সকল উপজেলা/থানা।

**সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ০১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। প্রোগ্রাম কো-অর্ডিনেটর (অতিরিক্ত সচিব), পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ০৩। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
- ০৪। প্রোগ্রাম এন্ডিকিউটিভ এন্ড কো-অর্ডিনেটর, BACS and iBAS++ স্কিম, SPFMS কর্মসূচি, অর্থ বিভাগ।
- ০৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপজেলা।
- ০৫। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা (কার্যক্রম মনিটরিং করার জন্য)।
- ০৬। সকল কর্মকর্তা, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
- ০৭। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, স্কিমভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান (HSP-MIS ব্যবহারে সতর্কতা অবলম্বন করার অনুরোধসহ)
- ০৮। সহকারী প্রোগ্রামার, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।